

(স্টাফ রিপোর্টার)

নিরক্ষরতা দূরীকরণের ক্ষেত্রে একটি বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করেছে সমাজ সেবামূলক প্রতিষ্ঠান—নসরতে আলমে ইসলাম বাংলাদেশ। ফুটপাথে পড়ে থাকা সব হারা অন-হায় ছিন্নমূল বালক-বালিকাদের খাওয়া পরা ও শিক্ষা দিয়ে কর্মসংস্থানের ব্যবস্থা করাই হচ্ছে এই প্রতিষ্ঠানের প্রধান লক্ষ্য।

এ লক্ষ্য সামনে রেখে গত দেড় বছর ধরে নসরতে আলমে ইসলাম বায়তুল মোকাররম ও কাওরান বাজারে দুটো শিক্ষাকেন্দ্র পরিচালনা করে আসছে। এ শিক্ষাকেন্দ্র দুটোতে বর্তমানে সাতশ ছিন্নমূল বালক-বালিকা স্ত্রানের আলো পাচ্ছে। প্রতিষ্ঠানের সভাপতি কাজী মোহাম্মদ বেলায়েত হোসেন জানিয়েছেন, খুব শীগগীর মহানগরী ঢাকার সদরঘাটে, কমলাপুর, নিউমার্কেট, চকবাজার ও কল্যাণপুরে এ ধরনের শিক্ষাকেন্দ্র স্থাপন করা হবে। এই শিক্ষাকেন্দ্রগুলোতে অন্যান্য শিক্ষার সঙ্গে কিছ, কারিগরি শিক্ষারও স্কীম থাকবে। পর্যায়ক্রমে এই পরিকল্পনা প্রতিটি জেলা শহরেও চল করা হবে বলে তিনি জানিয়েছেন।

এই সেবামূলক প্রতিষ্ঠানটিকে সব রকম সাহায্য ও পরামর্শ দিয়ে দুর্গত ছিন্নমূল মানবতার সেবায় এগিয়ে আসার জন্য সরকার ও দেশবাসীর প্রতি নসরতে আলমে ইসলামের প্রধান আহ্বান জানিয়েছেন।

তারিখ... ২৪/৫/৮০...  
পৃষ্ঠা... কলাম ...